দৈনিক ইনকিলাব

তারিখ DEC. 04-1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

21

### ডাক্তারের চেম্বারে সন্ত্রাসী হামলা ও লুটপাট

# চট্টগ্রাম মেডিকেল কলেজের ছাত্র-শিক্ষকদের লাগাতার কর্মবিরতি ও সড়ক অবরোধ

চট্টগ্রাম ব্যুরো ঃ চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের একজন ডাক্তারের চেম্বারে সন্ত্রাসী হামলা ও লুটপাটের প্রতিবাদে কলেজের ছাত্র-শিক্ষকরা গতকাল (মঙ্গলবার) সকাল থেকে লাগাতার কর্মবিরতি ও সড়ক অবরোধ কর্মসূচী শুরু করেছে। গতকাল মেডিকেল কলেজ হাসপাতালের সামনের সড়কে অবরোধ চলাকালে বিক্ষুব্ধ ছাত্ররা বেশ কয়েকটি গাড়ী ভাঙচুর করে ও একটি পিকআপে আগুন ধরিয়ে দেয়। বিক্ষুব্ধ ছাত্র-শিক্ষকদের অবরোধের কারণে নগরীর গোলপাহাড় থেকে শুরু করে চকবাজার পর্যন্ত কয়েক কিলোমিটার এলাকায় দিনভর কার্যত হরতাল পরিস্থিতি বিরাজ করে। মেডিকেল কলেজ ও পুলিশ সূত্র জানায়, গত সোমবার রাত সাড়ে ৮টা নাগাদ একদল চিহ্নিত সন্ত্রাসী প্রফেসর ডাঃ নীলকান্তের প্রবর্তকের মোড়স্থ চেম্বারে হামলা চালায়। সন্ত্রাসীরা চেম্বারে ব্যাপক ভাঙচুর ও নীলকান্তকে নাজেহাল করে। তারা চেম্বার থেকে ৩০ হাজার টাকা লুট করে নিয়ে যায়। ইতিপূর্বে গত ২৪ অক্টোবর এসব সন্ত্রাসী ডাঃ নীলকান্তের বাসায় হামলা চালিয়ে তাকে মারাত্মক আহত করে। স্থানীয় সূত্র জানায়, এসব হামলাকারী সন্ত্রাসীরা শাসক দলের ছাত্র সংগঠনের একটি গ্রুপের সদস্য। অক্টোবর মাসে তার ওপর হামলার প্রতিবাদে বিএমএসহ চট্টগ্রাম মেডিকেল কলেজের সর্বস্তরের ছাত্র-শিক্ষকরা অবরোধ, ধর্মঘট, মিছিল-সমাবেশ, মেয়র ও পুলিশ কমিশনারের কাছে স্মারকলিপি পেশসহ প্রায় মাসব্যাপী বিভিন্ন কর্মসূচী পালন করেছিল। কিন্তু সন্ত্রাসীদের কাউকে পুলিশ গ্রেফতার করেনি। ডাক্তারদের মতে, সন্ত্রাসীদের গ্রেফতার না করায় তারা দ্বিতীয়বারের মত ডাক্তার নীলকান্তের ওপর হামলার সাহস পেয়েছে। গতকাল সকালে এ হামলার খবর কলেজে ছড়িয়ে পড়লে সর্বস্তরের ছাত্র-শিক্ষকগণ বিক্ষোভে ফেটে পড়েন। তারা ডাক্তারদের জীবনের নিরাপত্তার দাবীতে তাৎক্ষণিকভাবে কর্মবিরতি ঘোষণা দিয়ে রাস্তায় নেমে আসেন। ছাত্র-শিক্ষকরা মিছিল নিয়ে রাস্তায় বেরিয়ে পড়ে এবং প্রবর্তকের মোড়, গোলপাহাড় ও চকবাজার এলাকায় ব্যারিকেড দিয়ে এসব সড়কে যানবাহন চলাচল বন্ধ করে দেয়। বিক্ষুব্ধ ছাত্ররা এ সময় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একটি পিকআপে আগুন ধরিয়ে দিলে পিকআপটি সম্পূর্ণরূপে পুড়ে যায়। ছাত্ররা অন্তত ১০টি গাড়ী ভাঙচুর করে। তারা রাস্তার মোড়ে মোড়ে টায়ার ও টেবিল-চেয়ার জ্বালিয়ে ক্ষোভ প্রকাশ করে। সন্ধ্যায় এ রিপোর্ট লেখা পর্যন্ত উক্ত এলাকায় যানবাহন চলাচল বন্ধ ছিল।

এদিকে, বিএমএ চট্টগ্রামের সভাপতি ডাঃ এলএ কাদেরীর সভাপতিত্বে ডাক্তারদের এক সভা মেডিকেল কলেজ হাসপাতাল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রফেসর নূর জাহান ভুঁইয়া, ডাঃ একিউএম সিরাজুল ইসলাম চৌধুরী, এমএ তাহের খান, ডাঃ শুভাগত চৌধুরী, হেলাল উদ্দিন, ছাত্রনেতা জহিরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় নীলকান্তের ওপর হামলার প্রতিবাদে এবং চিকিৎসকদের জীবনের নিরাপত্তার দাবীতে গতকাল থেকে চট্টগ্রাম মেডিকেল কলেজ ও চট্টগ্রাম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ইউএসটিসি) চিকিৎসকদের লাগাতার কর্মবিরতি পালন, প্রাইভেট প্র্যাক্টিস বন্ধ এবং ক্লিনিকগুলোতে নতুন রোগী ভর্তি বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় বলা হয়, চিকিৎসকদের এ দাবী মেনে না নেয়া পর্যন্ত এসব কর্মসূচী অব্যাহত থাকবে। এ ছাড়া কর্মবিরতি চলাকালে ডাক্তাররা বিক্ষোভ মিছিল ও সমাবেশ অব্যাহত রাখবে। এরপর সন্ত্রাসীদের গ্রেফতার করা না হলে ডাক্তাররা মেডিকেল কলেজ হাসপাতাল অচল করে দেয়ার হুমকি